# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৮৫

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৯৩. কিভাবে পবিত্র হবে

بَاب: الطُّهْرِ كَيْفَ هُوَ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ الرَّقَاشِيُّ عَنْ يَزِيدَ بْنِ زُرَيْعٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَقَ قَالَ حَدَّثَتْنِي فَاطِمَةُ عَنْ أَسْمَاءَ قَالَتْ كُنَّا نَكُونُ فِي حِجْرِهَا فَكَانَتْ إِحْدَانَا تَحِيضُ ثُمَّ تَطْهُرُ فَتَغْتَسِلُ وَتُصَلِّي ثُمَّ تَنْكُسُهَا الصُّفْرَةُ الْيَسِيرَةُ فَتَأْمُرُنَا أَنْ نَعْتَزِلَ الصَّلَاةَ حَتَّى لَا نَرَى إِلَّا الْبَيَاضَ خَالِصًا

বাংলা

৮৮৫. ফাতিমা (রাঃ), আসমা রাদ্বিয়াল্লাহু আনহা হতে বর্ণনা করেন। তিনি (ফাতিমা) বলেন, আমরা আসমা রাঃ এর গৃহে প্রতিপালিত হয়েছি। যখন আমাদের কারো হায়েয হতো, এরপর সে পবিত্র হলে গোসল করতো এবং সালাত আদায় করতো। তারপর পুনরায় হালকা হলুদ বর্ণের স্রাব হতো। তখন তিনি (আসমা রাঃ) আমাদেরকে নির্দেশ দিতেন যে, যতক্ষণ পুরোপুরি সাদা রং না দেখা যায়, ততক্ষণ পর্যন্ত সালাত পরিত্যাগ করি।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ। মুহাম্মদ ইবনু ইসহাক যদিও মুদাল্লিস কিন্তু তিনি এখানে ‘হাদ্দাসানা’ তথা সরাসরি ‘আমার নিকট হাদীস বর্ণনা করেন’ বলে উল্লেখ করেছেন, যা তাদলীসের সন্দেহ দূরীভূত করে দেয়।

তাখরীজ: ইবনু আবী শাইবা ১/৯৪; বাইহাকী ১/৩৩৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ ফাতিমা বিনতে আল মুনযির (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76262

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন